দৈনিক সংবাদ

১৮/৯/২০০৩

পৃঃ ১৩ কলাম ৫

# কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের নয়া কমিটি

শনিবার জাতীয় বধির মিলনায়তনে বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা ও নির্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাসোসিয়েশনের বিদায়ী চেয়ারম্যান খন্দকার রইস-উল আলম এবং বার্ষিক প্রতিবেদন পেশ করেন বিদায়ী মহাসচিব লায়ন এম. এ. রশিদ মিয়া। বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে প্রতিনিধিগণ অনুষ্ঠানে যোগদান করেন।

নির্বাচনে চেয়ারম্যান পদে খন্দকার রইস-উল আলম ও মহাসচিব পদে লায়ন এম এ রশিদ মিয়া বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনর্নির্বাচিত হন। তাছাড়া যুগ্ম মহাসচিব, অর্থ সচিব ও সাংগঠনিক সচিব পদে যথাক্রমে মো. মোস্তফা কামাল, নাহার মোস্তাফিজ ও সৈয়দ নুরুল আমিন নির্বাচিত হন। নির্বাচন পরিচালনা করেন মো. মোস্তাফিজুর রহমান। সংবাদ বিজ্ঞপ্তি।